

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ) পরিচ্ছেদঃ রাস্তায় বসা প্রসঙ্গে

بَابُ الْجُلُوسِ عَلَى الطَّرِيقِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ عَنْ زُهَيْرِ بُنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِيَّاكُمْ وَالْجُلُوسَ فِي الطُّرُقَاتِ) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَا لَنَا مِنْ مَجْلِسِنَا بُدُّ نَتَحَدَّثُ فِيهَا قَالَ: فَإِذَا أَبَيْتُمْ إِلَّا الْمَجْلِسَ فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ قَالُوا: مَا حَقُّ الطَّرِيقِ؟ قَالَ: (غَضُّ الْبَصَرِ وَكُفُّ الْأَذَى وَرَدُّ السلام والأمر بالمعروف والنهي عن المنكر.)

الراوي: أبو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 594 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

কে৪. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা রাস্তায় বসা থেকে বেঁচে থাকবে।" সাহাবীগণ বললেন, "আলোচনা করার জন্য আমাদের এছাড়া আর তো কোন উপায় নেই!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যদি তোমাদের সেখানে বসতেই হয়, তবে তোমরা রাস্তার হক আদায় করবে।" সাহাবীগণ বলেন, "রাস্তার হক কী?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "(রাস্তার হক হলো) দৃষ্টি অবনত রাখা, মানুষকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা, সালামের জবাব দেওয়া, সৎকাজের আদেশ দেওয়া এবং মন্দ কাজে বাঁধা প্রদান করা।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬২২৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৩৮; সুনান বাইহাকী: ১০/৯৪; মুসনাদ আহমাদ:



৩/৩৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ; ২৫০১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন